গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ১০ম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৫৩০ অফিস ও প্রায় ৫,৫৮০ জন জনবল দ্বারা ২৬টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় জুলাই-সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' দশম সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার
সহকারী পরিচালক, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




## গাক'র আয়োজনে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৫ এর শুভ উদ্বোধন

বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আয়োজনে প্রধান কার্যালয়, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় "মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৫" এর শুভ উদ্বোধন করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। উদ্বোধন কালে তিনি বলেন, সারাদেশের সকল শাখা সমূহের মাধ্যমে লক্ষাধিক সদস্যের মাঝে মাসব্যাপী এ কর্মসূচি চলমান থাকবে। বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি রোধ, পরিবেশের ভারসাম্য রক্ষা ও পুষ্টি সরবরাহ বিবেচনায় নিয়ে সদস্যদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের ৪টি করে চারা বিতরণ করা হয়। উক্ত বৃক্ষরোপন কর্মসূচিতে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, যুগ্ম পরিচালক মোঃ রবিউল ইসলাম, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রশাসনিক কর্মকর্তা মোঃ হামিদুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক সহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



## গাক কর্তৃক উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর অর্থায়নে দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা নিশ্চিতকরণে ২০২০ সাল থেকে "উচ্চ শিক্ষা বৃত্তি" কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এ কর্মসূচির আওতায় প্রতি ৬ মাস পর পর দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়সহ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয় এবং সরকারি মেডিকেল কলেজের অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের এ উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর উপস্থিতিতে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ এর মেধাবী শিক্ষার্থী ইসমত আরা জাহান আশা কে উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান করেন গাক চক্ষু হাসপাতালের মেডিকেল ডিরেক্টর ডা. এইচ এস এম রেজাউন্নবী মন্ডল। এসময় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০



## বগুড়ায় স্থানীয় নাগরিকদের সাথে সাম্য ও সমতার বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

"সাম্য ও সমতার বাংলাদেশঃ জনগণের অংশগ্রহণে টেকসই উন্নয়ন" শীর্ষক কার্যক্রমের আওতায় ১০ জুলাই ২০২৫ গাক কনফারেন্স হল রুম, গাক টাওয়ার, বনানী বগুড়ায় একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে গাবতলী, সারিয়াকান্দি, শিবগঞ্জ ও শাজাহানপুর উপজেলা থেকে নাগরিক গ্রুপের ৮০ জন সদস্য, ৪ জন কমিউনিটি ভলান্টিয়ার এবং ফিল্ড কো-অর্ডিনেটর অংশগ্রহণ করেন। সভায় এই কার্যক্রমের লক্ষ্য, উদ্দেশ্য, কাজের পদ্ধতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নাগরিক গ্রুপের ভূমিকা, গুরুত্বপূর্ণ অংশীজনদের সম্পৃক্ততা এবং স্থানীয় জনগণের সাথে কাজ করার কৌশল নিয়েও মতবিনিময় করা হয়। বিশেষভাবে, সরকারি বিভিন্ন সেবা-বিশেষ করে জেন্ডার সমতা (এসডিজি ৫) এবং শান্তি, ন্যায়বিচার ও শক্তিশালী প্রতিষ্ঠান (এসডিজি ১৬) অর্জনে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কীভাবে কাজ করা যায়, সে বিষয়েও আলোচনা হয়। উল্লেখ্য যে, সুইজারল্যান্ড ও কানাডা সরকারের যৌথ সমর্থনে GFA Consulting Group GmbH এর ব্যবস্থাপনায় সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)'র বাস্তবায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সহযোগিতায় নাগরিকতা কার্যক্রমের অংশ হিসেবে উক্ত অবহিতকরণ সভাটি অনুষ্ঠিত হয়।




## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত সদ্য যোগদানকৃত ফিল্ড অফিসারদের জন্য ২ দিনব্যাপী প্রি-সার্ভিস "ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" ১৫-১৬ জুলাই ২০২৫ তারিখে প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে সমাপনীতে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি সদ্য যোগদানকৃত ফিল্ড অফিসারদের উক্ত প্রশিক্ষণের শিখণ থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা ও সাহস নিয়ে কাজ করার জন্য উৎসাহ প্রদান করেন। উল্লেখ্য যে, প্রশিক্ষণ সেশনটি উদ্বোধন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। গত ২ দিন ব্যাপী অনুষ্ঠিত এই কোর্সেটিতে সেশন পরিচালনা করেন প্রশিক্ষক মোঃ আব্দুল আলীম সহ প্রশিক্ষণ বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন এর তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হয়।



## চূড়ান্ত দেনা-পাওনা ও স্টাফ সিকিউরিটি বেনিফিট এর চেক হস্তান্তর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) পরিবার কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছে আমাদের প্রিয় সহকর্মী, চান্দাইকোনা শাখার প্রয়াত সিনিয়র ফিল্ড অফিসার মরহুম মোঃ মনির হোসেন-কে। তার প্রতি সম্মান ও তার পরিবারের প্রতি আমাদের দায়বদ্ধতার অংশ হিসেবে তাঁর চূড়ান্ত দেনা-পাওনা ও স্টাফ সিকিউরিটি বেনিফিটের চেক পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এই মানবিক মুহূর্তে উপস্থিত ছিলেন- হজ্বকিল মোঃ আবু হাসান, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ), মোঃ রাফিউল ইসলাম ও মোঃ খোরশেদ আলম, যুগ্ম-পরিচালক (ফাইন্যান্স এন্ড একাউন্টস), মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক, মোঃ জিয়া উদ্দিন সরদার, সহকারী পরিচালক সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। গাক পরিবার সর্বদা চেষ্টা করে যাচ্ছে আমাদের সহকর্মীদের প্রতি দায়বদ্ধতা ও দায়িত্ববোধ পালনে অগ্রণী ভূমিকা রাখতে। মরহুমের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর পরিবারের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।




## নেপালের কাঠমুন্ডুতে সার্কভুক্ত দেশের প্রতিনিধিদের সমন্বয়ে SAC কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় গাক'র প্রতিনিধি দলের অংশগ্রহণ

১৪-১৬ জুলাই ২০২৫ তারিখে নেপালের কাঠমুন্ডুতে সার্কভুক্ত দেশের প্রতিনিধিদের সমন্বয়ে SAARC Regional Training Program on Molecular Diagnosis and Laboratory Surveillance of PPR শীর্ষক কর্মশালায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পরিচালক মোঃ হুমায়ুন খালেদ বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। কর্মশালায় গাক'র সিনিয়র সহকারী পরিচালক মোঃ নজরুল ইসলাম, সহকারী পরিচালক মোঃ সাইদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা মোঃ হামিদুর রহমান, সিনিয়র একাউন্টস অফিসার মোঃ মহিদুল ইসলাম, মোঃ জাফর আহম্মেদ ও মোঃ শরীফ হোসেন উপস্থিত ছিলেন। কর্মশালায় সার্কভুক্ত বাংলাদেশ, শ্রীলঙ্কা, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান এবং মালদ্বীপ সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ, লাইভস্টক স্পেশালিষ্ট, গবেষক, সার্ক পিএইচডি ফেলো এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ অংশগ্রহণপূর্বক PPR বিষয়ক সময়োপযোগী বিভিন্ন গবেষণামূলক পেপার উপস্থাপন করেন। গাক'র পরিচালক মোঃ হুমায়ুন খালেদ PPR এর বর্তমান বৈশ্বিক, সাউথ এশিয়ান বর্তমান অবস্থা ও দূরীকরনের প্রচেষ্টা এবং গাক বাংলাদেশে PPR নিয়ন্ত্রণে DLS এর সহায়তায় কি ধরনের ভুমিকা পালন করে আসছে তার উপর আলোপাত করেন। GUK এর সাথে SAARC এর পার্টনারসীপে অনুষ্ঠিত এই কর্মশালায় নেপালের সচিব, কৃষি ও লাইভস্টক ডিপার্টমেন্ট ও পরিচালক (Agriculture & Rural Development) ড. দীপক কুমার খারাল গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কে সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০



## বগুড়ায় আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) মিশন কর্তৃক আরএমটিপি প্রকল্প কার্যক্রম পরিদর্শন

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Rural Microenterprise Transformation Project (RMTP) এর আওতায় ''নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পটি বগুড়া জেলার ৪টি উপজেলায় হাঁস-মুরগি পালনকারী ১৯,৫০০ খামারি এবং ৫০০ স্থানীয় সেবা দানকারী ব্যক্তি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় ২৪ জুলাই ২০২৫ ইং তারিখে দাতা সংস্থা ইফাদ ও পিকেএসএফ'র উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল গাক'র আরএমটিপি প্রকল্পের আওতায় উপ-প্রকল্পের বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। সকাল ৮.৩০ ঘটিকায় যাত্রা শুরু করে পরিদর্শন শিডিউল অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। ইফাদ বাংলাদেশ মিশন প্রতিনিধি দলে ছিলেন মি. থেরি মাইউস, মিশন টেকনিক্যাল লিডার, মি. মারিজেল জিমারমেন, টেম্পোরারি প্রফেশনাল অফিসার, মি. পল ভিলারোয়েল, এমঅ্যান্ডই স্পেশালিস্ট, মিসেস চারলট থারসার, পরামর্শক, মিসেস সিনোরা চাকমা, সোশ্যাল ইনক্লুশন স্পেশালিস্ট এবং মি. সাইফুল ইসলাম, নিউট্রিশন স্পেশালিস্ট। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর পক্ষে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাবিবুর রহমান, প্রকল্প সমন্বয়কারী-আরএমটিপি, ড. এসএম ফারুক উল আলম, সেক্টর ভ্যালু চেইন স্পেশালিস্ট, মোঃ মিজানুর রহমান, মনিটরিং এন্ড ইভালুয়েশন স্পেশালিস্ট, ডা. এরফান আলী, ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার, মোঃ আনিসুর রহমান, মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার, মোঃ শামসুল হুদা, ব্যবস্থাপক, কার্যক্রম, মোঃ ইব্রাহীম আলম, ভ্যালু চেইন স্পেশালিষ্ট এবং মোছাঃ লিপি আক্তার, জেন্ডার এন্ড সোশ্যাল ইনক্লুশন অফিসার। গাক'র পক্ষে উপস্থিত ছিলেন ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক, মোঃ জিয়া উদ্দীন সরদার, সহকারী পরিচালক এবং প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।



## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য কর্তৃক গাক'র কার্যক্রম পরিদর্শন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য জনাব শফিকুল ইসলাম শাহেদ কর্তৃক গাক'র কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন শেষে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজ্বকিল মোঃ আবু হাসান, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাআদাত, যুগ্ম-পরিচালক (ফাইন্যান্স এন্ড একাউন্টস) মোঃ রাফিউল ইসলাম ও মোঃ খোরশেদ আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন- সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। পরিদর্শন শেষে সম্মানিত অতিথি গাক'র কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন।



## তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি পালন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় ৩ আগষ্ট ২০২৫ তারিখে তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়। বগুড়া জেলাধীন গাবতলী, সারিয়াকান্দি উপজেলায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় উপকারভোগীদের মাঝে কাঁঠাল ও পেয়ারার গাছ বিতরণ এবং বিভিন্ন স্থানে বৃক্ষরোপন করা হয়। উক্ত বৃক্ষরোপন কর্মসূচিতে উপস্থিত ছিলেন গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প সমন্বয়কারী মোঃ ইব্রাহিম আলী ও মোঃ সাদিকুল হাসান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্য, প্রবীণ সদস্য, যুব প্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক বৃন্দ।



## গ্রামীণ কমিউনিকেশন এর উচ্চ পদস্থ কর্মকর্তাদের সাথে বৈঠক

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ঢাকা অফিসে সফটওয়্যার আপগ্রেডেশন ও ব্যবসা উন্নয়ন বিষয়ক আলোচনার জন্য গ্রামীণ কমিউনিকেশন এর উচ্চপদস্থ কর্মকর্তাদের সাথে ৬ আগস্ট ২০২৫ তারিখে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে গ্রামীণ কমিউনিকেশন এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক ফিরোজ মাহমুদ, মহাব্যবস্থাপক গৌরী সংকর সরকার এবং এজিএম মোহাম্মদ হাশেম আলী। গাক এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (সোশ্যাল এন্টারপ্রাইজ) রশিদুল ইসলাম, পরিচালক (মনিটরিং ও রিভিউ) হজ্বকিল মোঃ আবু হাসান, পরিচালক (আইসিটি ও আরএম) রায়হানুস সা'আদাত এবং উপপরিচালক আরমান হোসেন। বৈঠকে সফটওয়্যার আপগ্রেডেশন ও ব্যবসা উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়। বিশেষ করে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমকে আরও কার্যকর ও প্রযুক্তিনির্ভর করার জন্য সফটওয়্যার উন্নয়ন এবং ব্যবসায়িক সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। আলোচনায় উঠে আসে, মাঠ পর্যায়ে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, সফটওয়্যার আপগ্রেডেশনের মাধ্যমে তথ্য ব্যবস্থাপনা আরও সহজ ও নির্ভুল করা, ব্যবসায়িক উন্নয়নের নতুন সুযোগ সৃষ্টি, উভয় প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার করা। বৈঠক শেষে উভয় পক্ষ ভবিষ্যতে আরও ঘনিষ্ঠভাবে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন এবং প্রযুক্তি ও ব্যবসায়িক উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে একসাথে কাজ করার প্রতিশ্রুতি দেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০




## গাক'র প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগ কর্তৃক আয়োজিত সদ্য যোগদানকৃত ফিল্ড অফিসারদের জন্য ২ দিনব্যাপী প্রি-সার্ভিস "ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" ১৭-১৮ অগাস্ট ২০২৫ তারিখে প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে সমাপনীতে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি সদ্য যোগদানকৃত ফিল্ড অফিসারদের উক্ত প্রশিক্ষণের শিখণ থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা ও সাহস নিয়ে কাজ করার জন্য উৎসাহ প্রদান করেন। উল্লেখ্য যে, প্রশিক্ষণ সেশনটি উদ্বোধন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। আরও উপস্থিত ছিলেন সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, কো-অর্ডিনেটর (মানব সম্পদ বিভাগ) মোঃ সাহিদুল ইসলাম। গত ২ দিন ব্যাপী অনুষ্ঠিত এই কোর্সেটিতে সেশন পরিচালনা করেন প্রশিক্ষক মোঃ আব্দুল আলীম সহ প্রশিক্ষণ বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন এর তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হয়।



## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সাধারণ পর্ষদ এর সম্মানিত সদস্যের গাক এর কার্যক্রম পরিদর্শন

২০-৮-২০২৫ তারিখে পিকেএসএফ-এর সাধারণ পর্ষদ এর সম্মানিত সদস্য শফিকুল ইসলাম শাহেদ গাক'র আওতায় বাস্তবায়িত আরএমটিপি প্রকল্পের ডেইরী ও পোল্ট্রি সেক্টরের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। তিনি মাঠ পর্যায়ের "রেশমা কৃষি উদ্যোগ কম্পোস্ট প্ল্যান্ট", উদ্যোক্তা রেজাউল করিমের গরুর খামার, অটল ফুড (দই ও মিষ্টি) কারখানা, উদ্যোক্তা ইয়ামিনের "হাসান এগ ওয়াশিং হাব", উদ্যোক্তা আব্দুর রহমানের "IOT বেজড মুরগীর খামার" এবং উদ্যোক্তা "আচারি ফুড" (মাংসের আচার) উৎপাদন কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় গাক-এর সিনিয়র পরিচালক ড. মাহবুব আলম, আরএমটিপি ডেইরী ও পোল্ট্রি সেক্টরের প্রকল্প ব্যবস্থাপকগণ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে তিনি উদ্যোক্তাদের কর্মকাণ্ডের প্রশংসা করেন এবং ভবিষ্যৎ কার্যক্রমের জন্য গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন।




## গাক'র আয়োজনে SMART প্রকল্পের আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে Sustainable Microenterprise & Resilient Transformation (SMART) প্রকল্পের আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের অবহিতকরণ কর্মশালা ১৮ আগস্ট ২০২৫ তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। কর্মশালার শুভ উদ্বোধন ও স্বাগত বক্তব্য প্রদান করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া পলিটেকনিক এর ইলেকট্রনিক্স এন্ড ইলেকট্রিক ডিপার্টমেন্টের চিফ ইনস্ট্রাকটর সৈয়দ মোঃ মামুনুর রশীদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া পলিটেকনিক এর মেকানিক্যাল ডিপার্টমেন্টের চিফ ইনস্ট্রাকটর মোঃ শফিকুল ইসলাম। কর্মশালায় প্রধান অতিথি তার বক্তব্যে SMART প্রকল্পের গুরুত্ব অনুধাবন করে সময়োপযোগি এ প্রকল্পের অর্থায়নের জন্য বিশ্বব্যাংক ও পিকেএসএফ কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং গাক কর্তৃক বাস্তবায়নাধীন SMART প্রকল্পে তার সার্বিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। উদ্যোক্তাদের কারখানার পরিবেশবান্ধব টেকসই উৎপাদনের ক্ষেত্রে কারখানা সমূহে সবুজ প্রবৃদ্ধির পথে অগ্রগামী করতে SMART প্রকল্প সহায়ক ভূমিকা পালন করবে, এই মর্মে আশাবাদ ব্যক্ত করেন। কর্মশালায় বিশেষ অতিথি তার বক্তব্যে পরিবেশের সবুজ প্রবৃদ্ধি বজায় রেখে আধুনিক ও যুগোপযোগী পোষাক কারখানা স্থাপনে জড়িত সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বিত দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে এই শিল্পকে এগিয়ে নিতে SMART প্রকল্পের কার্যক্রমের প্রশংসা করেন। কর্মশালায় SMART প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও সার্বিক কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার। প্রকল্প ব্যবস্থাপক মোঃ রহমত আলীর সঞ্চালনায় অনুষ্ঠানের সার্বিক কার্যক্রম পরিচালিত হয়। এছাড়াও প্রকল্পের সকল কর্মকর্তাসহ উত্তরবঙ্গ তথা বগুড়া, গাইবান্ধা ও সিরাজগঞ্জ জেলার বস্ত্র উৎপাদন খাতের সঙ্গে জড়িত প্রতিষ্ঠান সমূহের স্বত্ত্বাধিকারী ও প্রতিনিধিগণ উপস্থিত থেকে কর্মশালাকে সাফল্যমন্ডিত করেন।




## গাবতলীতে "তারুণ্যের উৎসব-২০২৫" উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি পালন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় ৬ আগষ্ট তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়। বগুড়া জেলাধীন গাবতলী উপজেলায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় গোলাবাড়ী এলাকায় দুই শতাধিক উপকারভোগীদের মাঝে কাঁঠাল এবং পেয়ারা গাছের চারা বিতরণ এবং বিভিন্ন স্থানে বৃক্ষরোপন করা হয়। উক্ত বৃক্ষরোপন কর্মসূচিতে উপস্থিত ছিলেন গাক'র পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ আবু রায়হান মিঞা, প্রকল্প সমন্বয়কারী মোঃ ইব্রাহিম আলী ও মোঃ সাদিকুল হাসান, এরিয়া ম্যানেজার, শাখা ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ইউপি সদস্য, প্রবীণ সদস্য, যুব প্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক বৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০




## (BIEFA) Project-Phase-II প্রকল্পের আওতায় বগুড়া জেলা শাজাহানপুর উপজেলার সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগনের সাথে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন মেনোনাইট সেন্ট্রাল কমিটি (এমসিসি)-বাংলাদেশ এর অর্থায়নে এবং কারিগরি সহায়তায় পরিবেশ বান্ধব কৃষি ও এর ব্যবসায়িক গুরুত্ব শীর্ষক প্রকল্পের আওতায় (ফেইস-২) (Business Importance In Environment Friendly Agriculture-BIEFA) Project-Phase-II বগুড়া জেলা শাজাহানপুর উপজেলার সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের সাথে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মশালা ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে উপজেলা পরিষদ সভাকক্ষ, শাজাহানপুর, বগুড়ায় অনুষ্ঠিত হয়। প্রকল্পের অবহিতকরণ কর্মশালার শুভ উদ্বোধন ও স্বাগত বক্তব্য প্রদান করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া জনাব মোঃ তাইফুর রহমান। কর্মশালায় প্রধান অতিথি তার বক্তব্যে (BIEFA) Project-Phase-II প্রকল্পের গুরুত্ব অনুধাবন করে সময়োপযোগি এ প্রকল্পের কারিগরি সহযোগিতা এবং অর্থায়নের জন্য মেনোনাইট সেন্ট্রাল কমিটি (এমসিসি)-বাংলাদেশকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং গাক কর্তৃক বাস্তবায়নাধীন (BIEFA) Project-Phase-II প্রকল্পে তার সার্বিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করে বলেন, বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলায় পরিবেশবান্ধব কৃষি পদ্ধতির বিকল্প নেই। কৃষকদের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং বাজারে টেকসই অবস্থান নিশ্চিত করতে হলে অবশ্যই পরিবেশবান্ধব প্রযুক্তি ও উদ্ভাবনী কৃষি চর্চা বিস্তৃত করতে হবে। এ প্রকল্প কৃষকদের শুধু ফসল উৎপাদনেই নয়, বরং উৎপাদিত পণ্যের সঠিক বাজারজাতকরণ ও ন্যায্যমূল্য নিশ্চিতে কার্যকর ভূমিকা রাখবে। তিনি আরও বলেন, এ ধরনের প্রকল্প কৃষি অর্থনীতিকে শক্তিশালী করার পাশাপাশি গ্রামীণ জনগোষ্ঠীর আয়বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি ও খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে। উপজেলা নির্বাহী অফিসার মেনোনাইট সেন্ট্রাল কমিটি (এমসিসি)-বাংলাদেশকে সময়োপযোগী এই প্রকল্পে কারিগরি সহায়তা ও অর্থায়নের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে গাককে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, "উপজেলা প্রশাসন সর্বাত্মকভাবে এ প্রকল্পের পাশে থাকবে এবং স্থানীয় কৃষক-কৃষাণীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পটি সফল হবে।"




## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৫ উদযাপনে গাক'র অংশগ্রহণ

"প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রয়াস" এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসন ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বগুড়া'র আয়োজনে ৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৫ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) স্বতঃস্ফূর্তভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ করে। এসময় র‍্যালিটি জেলা প্রশাসনের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালির পর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (করতোয়া), বগুড়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হোসনা আফরোজা, (যুগ্মসচিব) জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া। তিনি তার বক্তব্যে বলেন- "সাক্ষরতা হলো টেকসই উন্নয়নের মূলভিত্তি। প্রযুক্তির এ যুগে শিক্ষার সাথে প্রযুক্তি ব্যবহারকে একীভূত করতে না পারলে আমরা পিছিয়ে পড়ব। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আমাদের মনে করিয়ে দেয়- কেবল পড়া-লেখা জানা নয়, বরং ডিজিটাল দক্ষতা, জীবনমুখী শিক্ষা এবং কর্মমুখী দক্ষতা অর্জন এখন সময়ের দাবি।" তিনি আরও বলেন, আধুনিক প্রযুক্তি ও তথ্যপ্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে তরুণ প্রজন্মকে যুগোপযোগী করে গড়ে তুলতে হবে। এতে করে তারা কেবল চাকরিজীবী নয়, উদ্যোক্তা হিসেবেও দেশের অর্থনীতিতে অবদান রাখতে পারবে। আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন, বগুড়া, জেলা শিক্ষা অফিসার, বগুড়া জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষক, শিক্ষার্থী ও সামাজিক সংগঠনের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সবার সক্রিয় অংশগ্রহণে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৫ উদযাপন সফল ও তাৎপর্যমণ্ডিত হয়ে ওঠে।



## গাক'র আরএমটিপি প্রকল্পের একজন সফল উদ্যোক্তা সুরাইয়া ফারহানা রেশমা অর্জন করেছেন সম্মানজনক "ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫"

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি প্রকল্পের 'নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন' উপ-প্রকল্পের উদ্যোক্তা সুরাইয়া ফারহানা রেশমা অর্জন করেছেন 'ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫'। ১৫-৯-২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের হাত থেকে তিনি এই সম্মান গ্রহণ করেন। রেশমা বর্তমানে প্রতি মাসে প্রায় ২৫০ টন ভার্মি কম্পোস্ট উৎপাদন করছেন এবং স্থানীয় যুবদের হাঁস-মুরগি পালন, কম্পোস্ট উৎপাদন ও বিপণনে প্রশিক্ষণ দিচ্ছেন। তার উদ্যোগে ইতোমধ্যে ২৫ জনের কর্মসংস্থান হয়েছে। এ অর্জন শুধু রেশমার ব্যক্তিগত নয়, বরং ক্ষুদ্র উদ্যোগ ও তরুণ প্রজন্মের সম্ভাবনার উজ্জ্বল প্রতিফলন।




## বিনামূল্যে চক্ষু ও ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত

২৩ আগস্ট ২০২৫ ইং তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর উদ্যোগে নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলার চান্দাই উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে একদিনব্যাপী বিনামূল্যে চক্ষু ও ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই ক্যাম্পে এলাকার সাধারণ মানুষ বিনামূল্যে চোখের চিকিৎসা গ্রহণের সুযোগ পান। মোট ২৫০ জন রোগীকে বিনামূল্যে চোখের সকল পরীক্ষা-নিরীক্ষা করা হয়। এর মধ্যে ২০ জন রোগীর ছানি অপারেশন সম্পূর্ণ বিনামূল্যে সম্পন্ন করা হয়। ক্যাম্পে অভিজ্ঞ চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার ও হাসপাতালের সেবাকর্মীরা উপস্থিত থেকে রোগীদের চিকিৎসা প্রদান করেন। চোখের বিভিন্ন সমস্যা যেমন দৃষ্টিশক্তি পরীক্ষা, চশমা প্রদান, ছানি রোগ নির্ণয় ও অপারেশন সবই বিনামূল্যে সম্পন্ন করা হয়।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০




## গাক'র আরএমটিপি প্রকল্পের সফল উদ্যোক্তা সুরাইয়া ফারহানা রেশমাকে সংবর্ধনা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় আরএমটিপি প্রকল্পের 'নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন' উপ-প্রকল্পের সফল উদ্যোক্তা সুরাইয়া ফারহানা রেশমা সম্প্রতি 'ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫' অর্জন করেছেন। তিনি ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ড. খন্দকার আলমগীর হোসেন, নির্বাহী পরিচালক, গাক এর সাথে সাক্ষাৎ করেন। এ সময় নির্বাহী পরিচালক মহোদয় বলেন, এ অর্জন শুধু রেশমার ব্যক্তিগত নয়, বরং ক্ষুদ্র উদ্যোগ ও তরুণ প্রজন্মের সম্ভাবনার উজ্জ্বল প্রতিফলন। তিনি গাক'র পক্ষ থেকে রেশমাকে ১০,০০০/- (দশ হাজার টাকা) একটি চেক এবং জিগ্যালোর এর গিফট আইটেম উপহার হিসেবে প্রদান করেন।



## World Bank এবং PKSF প্রতিনিধি গাক কর্তৃক বাস্তবায়নাধীন BD Rural Wash for HCD প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন PKSF, World Bank এবং Asian Infrastructure Investment Bank (AIIB) এর অর্থায়নে BD Rural WASH for HCD প্রকল্পের কার্যক্রম গত ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পরিদর্শন করেন রোকেয়া আহমেদ, সিনিয়র ওয়াটার এন্ড স্যানিটেশন স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক এবং মোঃ আব্দুল মতিন, জেনারেল ম্যানেজার (কার্যক্রম), পিকেএসএফ। পরিদর্শন শেষে রোকেয়া আহমেদ বলেন- BD Rural WASH for HCD প্রকল্পের মাধ্যমে গ্রামের মানুষের স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থায় যে ইতিবাচক পরিবর্তন এসেছে, তা অত্যন্ত প্রশংসনীয়। বিশেষ করে নারীদের অংশগ্রহণ ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে প্রকল্পের অবদান অনন্য। অন্যদিকে মোঃ আব্দুল মতিন বলেন- গাক দক্ষতার সাথে প্রকল্পটি বাস্তবায়ন করছে। মাঠ পর্যায়ের কার্যক্রমে আমরা যে আন্তরিকতা এবং সফলতা দেখেছি, তা ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এই উদ্যোগকে এগিয়ে নিতে সহায়ক হবে। উক্ত পরিদর্শনে আরো উপস্থিত ছিলেন মাইক্রোফাইন্যান্স এর পরিচালক মো. মুখলেছুর রহমান, মোঃ রবিউল ইসলাম, যুগ্ম পরিচালক (সিসি বগুড়া ডিভিশন, পিকেএসএফ)। প্রকল্পের আওতায় ৬ টি জেলার ১০ টি উপজেলার মোট ২৩টি শাখায় সর্বমোট ৮৮৭৭ জনের পানি এবং স্যানিটেশন নিশ্চিত করা হয়।



## গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন

১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সিনিয়র সহকারী সচিব মোছাঃ রওনক জাহান এবং সড়ক ও জনপথ বিভাগ, দিনাজপুর জেলার সম্মানিত নির্বাহী প্রকৌশলী জনাব আসাদুজ্জামান সিজার। পরিদর্শনকালে তাঁরা হাসপাতালের মনোরম পরিবেশ, আধুনিক যন্ত্রপাতি এবং রোগীদের জন্য প্রদত্ত সেবাদান কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। তাঁরা অপারেশন-পরবর্তী রোগীদের সাথে সরাসরি মতবিনিময় করেন এবং তাঁদের অভিজ্ঞতা ও সন্তুষ্টির কথা শোনেন। এই সময় গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম উপস্থিত থেকে অতিথিদের স্বাগত জানান এবং হাসপাতালের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। পরিদর্শন শেষে অতিথিবৃন্দ হাসপাতালের সেবার মান, রোগীদের সন্তুষ্টি এবং গাক-এর মানবিক উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। তাঁরা গাক-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন মহোদয়ের নেতৃত্বে পরিচালিত এ ধরণের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখার জন্য উৎসাহ প্রদান করেন।




## মানবতার শক্তি: গাক চক্ষু হাসপাতালের সেবায় নতুন আলো

"মানবতা আমাদের জীবনের উদ্দেশ্য দেয়" ২১ জুলাই ২০২৫ তারিখে বগুড়া জেলার ধুনট উপজেলার ৬৯ জন চক্ষু সমস্যায় ভুগতে থাকা রোগী, আশার আলো নিয়ে গাক চক্ষু হাসপাতাল, বগুড়ায় আসেন। আলহামদুলিল্লাহ, সফল অস্ত্রোপচারের পর তাঁরা সুস্থ হয়ে বাড়ি ফিরে যান নতুন দৃষ্টিশক্তি ও আনন্দের সাথে। তাঁদের অনেকেই বহু বছর পর প্রথমবারের মতো আপনজনদের স্পষ্টভাবে দেখতে সক্ষম হয়েছেন। এই আরোগ্যের যাত্রায় উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সিনিয়র সহকারী সচিব জনাব জাকির হোসেন এবং গাক-এর উপপরিচালক মোঃ আরমান হোসেন। এটি শুধু চিকিৎসা নয়-এটি মানবতার প্রতি সহমর্মিতা, দৃষ্টি ফিরিয়ে দেওয়া এবং সেবার এক অনন্য উদাহরণ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০





## গাক আরএমটিপি প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের জন্য সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং প্রশিক্ষণ অনুষ্ঠিত

২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে গাক টাওয়ার, বনানী, বগুড়ায় উদ্যোক্তাদের জন্য সোশ্যাল মিডিয়া মার্কেটিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD), ডানিডা (DANIDA) ও পিকেএসএফ'র সহায়তায় বাস্তবায়িত এ প্রশিক্ষণে উদ্যোক্তারা ব্যাচভিত্তিকভাবে প্রশিক্ষণ নিচ্ছেন, যেখানে প্রতিটি ব্যাচে নির্ধারিত ২০ জন করে অংশগ্রহণ করছে। প্রশিক্ষণে গাক এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম-এর বক্তব্যে উদ্যোক্তাদেরকে দেশের অর্থনীতির চালিকাশক্তি হিসেবে উল্লেখ করা হয়। নারী উদ্যোক্তাদের ক্ষমতায়ন এবং এআই-সমৃদ্ধ ডিজিটাল মার্কেটিং-এর মাধ্যমে বাজার সম্প্রসারণে নতুন দিগন্ত উন্মোচিত হবে বলেও মত প্রকাশ করা হয়। এছাড়াও, এআই প্রযুক্তির মাধ্যমে গ্রাহকের আগ্রহ বিশ্লেষণ, টার্গেটেড বিজ্ঞাপন, স্বয়ংক্রিয় কনটেন্ট তৈরি, চ্যাটবটের মাধ্যমে ২৪/৭ গ্রাহকসেবা এবং বিক্রয় পূর্বাভাস সহজীকরণের সম্ভাবনাসমূহ তুলে ধরা হয়।



## নিরাপদ দুগ্ধ উৎপাদনে প্রযুক্তির সংযোজন: গাক কর্তৃক মিল্ক অ্যানালাইজার ডিভাইস বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) বাস্তবায়নাধীন RMTP প্রকল্পের আওতায় আজ ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে উদ্যোক্তাদের মাঝে আইওটি-ভিত্তিক মিল্ক অ্যানালাইজার ডিভাইস বিতরণ করা হয়। এই কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে ইফাদ ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের অংশ হিসেবে। মিল্ক অ্যানালাইজার ডিভাইসের মাধ্যমে খামারিরা দুধের গুণগতমান পরীক্ষা করতে পারবেন এবং সঠিক মূল্য নিশ্চিত করতে সক্ষম হবেন। এর ফলে দুধ উৎপাদন বৃদ্ধি পাবে এবং বাজারে নিরাপদ ও মানসম্মত দুগ্ধজাত পণ্য সরবরাহ করা সম্ভব হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-প্রকল্পের ব্যবস্থাপকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। তাঁরা উদ্যোক্তাদের হাতে ডিভাইস তুলে দেন এবং এর ব্যবহার ও গুরুত্ব সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করেন।

## গাক'র তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন




"প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১২ আগস্ট ২০২৫ তারিখে বগুড়া জেলার গাবতলী উপজেলায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন করা হয়। এই আয়োজনটি বাস্তবায়িত হয় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ আর্থিক সহায়তায় পরিচালিত সমৃদ্ধি কর্মসূচি এবং গাবতলী উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর এর সমন্বয়ে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এম. আব্দুল্লাহ এবনে মাসুদ আহমেদ, মোছাঃ নাজিয়া সামস উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলার সকল দপ্তরের প্রধানগণ। এছাড়াও উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির উপজেলা কর্মসূচি সমন্বয়কারী জনাব মোঃ ইব্রাহীম আলী, সমৃদ্ধি কর্মসূচির অন্যান্য কর্মকর্তা এবং বিপুল সংখ্যক যুব সদস্যবৃন্দ। দিবসটি উদযাপনের মাধ্যমে তরুণদের মাঝে প্রযুক্তি নির্ভর দক্ষতা, নেতৃত্ব এবং বহুপাক্ষিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরা হয়।



## গাক ও পিকেএসএফ এর যৌথ উদ্যোগে শিক্ষা সহায়তা কেন্দ্র পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় বগুড়া জেলার গাবতলী উপজেলার মহিষাবান ইউনিয়নের শিক্ষা সহায়তা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ ইব্রাহীম আলী। এসময় তাঁর সাথে উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির অন্যান্য কর্মকর্তা। তাঁরা কেন্দ্রের কার্যক্রম, শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং শিক্ষা সহায়তার মান উন্নয়ন বিষয়ে বিস্তারিত খোঁজখবর নেন। পরিদর্শনকালে কর্মকর্তারা শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন এবং শিক্ষা কার্যক্রমকে আরও কার্যকর ও ফলপ্রসূ করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) সংখ্যা ১০



## সোনালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক গাক'র কার্যক্রম পরিদর্শন


২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সোনালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ শওকত আলী খান গাক'র প্রধান কার্যালয় পরিদর্শন করেন। এ সময় গাক পরিবারের পক্ষ থেকে গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম তাঁকে আন্তরিক ফুলেল শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। পরিদর্শনকালে সংস্থার সিনিয়র ম্যানেজমেন্ট এর সাথে সভা করেন এবং গাক এর চলমান কর্মকাণ্ড, উন্নয়নমূলক কার্যক্রম এবং আর্থ-সামাজিক খাতে গাকের অবদান সম্পর্কে অবগত হন। তিনি গাক ও সোনালী ব্যাংকের মধ্যে পারস্পরিক সহযোগিতা এবং ভবিষ্যৎ সম্ভাবনার উপর গুরুত্বারোপ করে আর্থিক খাতে নতুন নতুন উদ্যোক্তা উন্নয়নের পরামর্শ প্রদান করেন। এসময় আরও উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক পিএলসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাইদ, বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ সহ গাক'র পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ আবু রায়হান মিঞা, পরিচালক (এসএমএপি) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাআদাত, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) খোরশেদ আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন ও সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার প্রমুখ। সোনালী ব্যাংক পিএলসি'র সাথে গাক'র পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা ভবিষ্যতে গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়ন ও আর্থিক অন্তর্ভুক্তিকে আরও শক্তিশালী করবে বলে আশা করা যাচ্ছে।




## নিরাপদ দুগ্ধজাত পণ্য উন্নয়নে উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও চিজ মেশিন বিতরণ

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD), ডানিডা এবং পিকেএসএফ-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Rural Microenterprise Transformation Project (RMTP) এর "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্প" এর আওতায় ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বগুড়ার বনানী গাক টাওয়ারের প্রশিক্ষণ কক্ষে এক বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তাদেরকে নিরাপদ মাংস ও দুগ্ধজাত নতুন পণ্য উন্নয়নে ট্রায়াল ও গবেষণা কার্যক্রম সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে তাঁদের হাতে চিজ তৈরির মেশিন ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ তুলে দেওয়া হয়, যাতে তাঁরা স্থানীয় পর্যায়ে মানসম্মত দুগ্ধজাত পণ্য উৎপাদন ও বাজারজাত করতে পারেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এছাড়াও উপস্থিত ছিলেন উপপরিচালক মোঃ আরমান হোসেন, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমান এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এ আয়োজনের মাধ্যমে উদ্যোক্তারা শুধু আধুনিক প্রযুক্তি ব্যবহারের সুযোগই পাচ্ছেন না, বরং নিরাপদ ও মানসম্মত দুগ্ধজাত পণ্য উৎপাদনের মাধ্যমে বাজার সম্প্রসারণ এবং ভোক্তাদের আস্থা অর্জনের পথও সুগম হচ্ছে।

## ওয়ার্ল্ড ব্যাংক ও পিকেএসএফ প্রতিনিধিদের জিগ্যালোর বগুড়া আউটলেট পরিদর্শন



ওয়ার্ল্ড ব্যাংক এবং পিকেএসএফ এর সম্মানিত প্রতিনিধিগণ জিগ্যালোর এর বগুড়া আউটলেট পরিদর্শন করেন। এসময় তাঁরা আউটলেটের সামগ্রিক কার্যক্রম, পণ্যের মান, গ্রাহকসেবা এবং ব্যবসায়িক পরিবেশ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন গাক-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি অতিথিদের স্বাগত জানান এবং জিগ্যালোর-এর কার্যক্রম, লক্ষ্য ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। প্রতিনিধিগণ আউটলেটের আধুনিক সাজসজ্জা, মানসম্মত পোশাকের সংগ্রহ এবং গ্রাহকবান্ধব পরিবেশ দেখে সন্তুষ্টি প্রকাশ করেন। তাঁরা বলেন, স্থানীয় পর্যায়ে এ ধরণের উদ্যোগ কর্মসংস্থান সৃষ্টি, মানসম্মত পণ্য সরবরাহ এবং অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।